### সাক্ষাৎকারে বিল গেটস

# আফ্রিকার অনেক দেশ শিশুদের টিকা সরবরাহে ব্যর্থ

শীর্ষ সফটওয়্যার নির্মাতাপ্রতিষ্ঠান মাইক্রোসফট করপোরেশনের প্রতিষ্ঠাতা বিল গেটস বলেছেন, আফ্রিকার অনেক দেশ শিশুদের কাছে জীবনরক্ষাকারী ওষুধ ও টিকা সরবরাহে ব্যর্থ হয়েছে। তিনি বলেন, এতে করে কোনো ধরনের আলস্য প্রাণঘাতী রোগ থেকে কোটি কোটি শিশুর জীবন বাঁচানোর জন্য শত শত কোটি ডলারের চেষ্টা মুখ থুবড়ে পড়বে। জেনেভায় গতকাল মঙ্গলবার থেকে শুরু হওয়া বিশ্ব স্বাস্থ্যবিষয়ক সম্মেলন ওয়ার্ল্ড হেলথ অ্যাসেম্বলিতে ভাষণ দেওয়ার আগে বিল গেটস সেনেগালে বার্তা সংস্থা এএফপিকে দেওয়া সাক্ষাৎকারে এসব কথা বলেন।

বিল গেটস বলেন, নাইজেরিয়া, চাঁদ, কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্রসহ বেশ কয়েককটি দেশের অর্ধেকের বেশি শিশু প্রয়োজনীয় টিকা ও ওষুধ পাচ্ছে না। সংশ্লিষ্ট দেশগুলোর সরকারই এ জন্য দায়ী। এ ব্যাপারে তাদের কোনো মাথাব্যথা নেই। বিল গেটস বলেন, বিশ্বের অধিকাংশ দেশ থেকে পোলিও নির্মূল হয়ে গেছে। কেবল আফ্রিকার কয়েকটি দেশে এখনো এ রোগ আছে। পোলিও নির্মূলে এসব দেশকে আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। সব শিশুর কাছে যাতে পোলিও টিকা পৌঁছায়, তা নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, আফ্রিকায় প্রতি বছর ডায়রিয়া ও নিউমোনিয়ায় লাখ লাখ শিশু মারা যায়। এ দুটি রোগের টিকার দাম বেশি হওয়ায় এমনটি ঘটছে। বিল গেটস টিকার দাম কমানোর ওপর গুরুত্বারোপ করে বলেন, টিকার দাম কমানোটা খুব জরুরি। কারণ, অনেক দরিদ্র পরিবারই এসব টিকা কেনার সামর্থ্য রাখে না। ফলে মারা যাচ্ছে শিশুরা। —*এএফপি অবলম্বনে রোকেয়া রহমান*

# পঞ্চগড়ে বিশ্ব টেলিযোগাযোগ ও প্রযুক্তি দিবস পালিত

বিশ্ব টেলিযোগাযোগ ও প্রযুক্তি দিবস উপলক্ষে পঞ্চগড় জেলা প্রশাসন গতকাল পঞ্চগড়ে শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করে। দিবসটির এবারের প্রতিপাদ্য ছিল, 'ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে উন্নত গ্রামীণ সমাজ গঠনে তথ্য ও প্রযুক্তির সর্বজনীন ব্যবহার নিশ্চিত করুন।'

সকালে শহীদ মুক্তিযোদ্ধা চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি মিলনায়তনে গিয়ে শেষ হয়। সেখানে জেলা প্রশাসক বনমালী ভৌমিকের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় মুক্তিযোদ্ধা মির্জা আবুল কালাম, জীবধন বর্মণ, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান রেজিয়া ইসলাম ও জেলা মৎস্য কর্মকর্তা মির্জা আবদুল লতিফ বক্তব্য দেন।

আলোচনা অনুষ্ঠানে বক্তারা বলেন, সরকারের ভিশন ২০২১ বাস্তবায়ন করতে হলে তথ্যপ্রযুক্তির বিকল্প নেই। বক্তারা আরও বলেন, সর্ব ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি চালু হলে জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিত হবে। —*শহীদুল ইসলাম, পঞ্চগড় প্রতিনিধি*

# ফুজিৎসুর নতুন ল্যাপটপ

ফুজিৎসু ব্র্যান্ডের এল সিরিজের নতুন নোটবুক বাজারে এসেছে। এলএইচ ৫৩০ মডেলের নোটবুকটিতে আছে ২.৫৩ গিগাহার্টজ গতিসম্পন্ন কোরআইথ্রি ৩৮০ প্রসেসর, যার স্মার্ট এলথ্রি ক্যাশ মেমোরি ৩ মেগাবাইট, ৩২০ গিগাবাইট হার্ডডিস্ক, ২ গিগাবাইট ডিডিআর থ্রি র‍্যাম। এটি কালো ও লাল রঙের এবং এতে ১৪ ইঞ্চি এলইডি পর্দা রয়েছে। এ ছাড়া এতে রয়েছে ইনটেল এইচডি গ্রাফিকস কার্ড, বিল্ট ইন ডুয়েল স্টেরিও স্পিকার, ডুয়েল লেয়ার ডিভিডি সুপার মাল্টি-রাইটার। এতে এক বছরের বিক্রয়োত্তর সেবা পাওয়া যাবে। নোটবুকটির দাম ৪৭ হাজার ৫০০ টাকা। —*বিজ্ঞপ্তি*

# নতুন লেজার প্রিন্টার বাজারে

ডেল ১১৩০এন মডেলের নতুন লেজার প্রিন্টার বাজারে এসেছে। এটি প্রতি মিনিটে ২৪ পৃষ্ঠা প্রিন্ট করতে পারে। এতে আছে ৩৬০ মেগাহার্টজ প্রসেসর, ৬৪ মেগাবাইট র‍্যাম ইত্যাদি। এটি বাজারে এনেছে ইনজেন। দাম ২১ হাজার টাকা। —*বিজ্ঞপ্তি*